

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর
publiclibrary.sherpur.gov.bd

বিগত বছরসমূহে জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর উল্লেখযোগ্য কর্মকাণ্ড

১. অবকাঠামোগত উন্নয়ন :

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের “জেলা পাবলিক লাইব্রেরিসমূহের উন্নয়ন (৩য় পর্যায়)” প্রকল্পের আওতায় ২০০৯ সালে ৫০০০ বর্গফুট আয়তন বিশিষ্ট জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর এর নিজস্ব ভবন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

২. পুস্তক সংগ্রহ :

গণগ্রন্থাগারের প্রধান অনুষঙ্গ পুস্তক ও অন্যান্য পাঠসামগ্রী। পুস্তকের সংখ্যা ও গুণগত বৈশিষ্ট্য গণগ্রন্থাগারের অবস্থানিক গুরুত্ব ও মর্যাদা নির্ধারণ করে। পুস্তক সংগ্রহ খাতে জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর প্রতিবছরই গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক নির্দিষ্ট পরিমাণ অর্থ বরাদ্দ পেয়ে থাকে। বিগত দশ (১০) বছরে জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর মোট ২৩,২৩৮টি পুস্তক সংগ্রহ করেছে।

৩. সদস্য সংগ্রহ :

শেরপুর জেলার সর্বস্তরের জনগণকে বই ধার সেবা প্রদানের জন্য জেলা সরকারি গণগ্রন্থাগার সারা বছর সদস্য সংগ্রহ করে থাকে। এরই ধারাবাহিকতায় গ্রন্থাগারের সদস্য সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে যার মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক শিশু-কিশোর ও বিদ্যালয়ের শিক্ষার্থী। উল্লেখ্য, গ্রন্থাগারের বর্তমান সদস্য সংখ্যা ৫০১ জন।

৪. পাঠক উপস্থিতি বৃদ্ধিকরণ :

পাঠকরাই গ্রন্থাগারের প্রাণ। একথা মাথায় রেখে জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর প্রতিনিয়ত পাঠক উপস্থিতি বাড়াতে কাজ করে যাচ্ছে। উদাহরণ স্বরূপ বলা যায় ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৭০,১৫৮ জন পাঠক গ্রন্থাগার সেবা গ্রহণ করেছেন যেখানে ২০১৬-১৭ অর্থবছরে এই সংখ্যা ছিল ৬৯,৩২৪।

৫. পাঠাভ্যাস উদ্বুদ্ধকরণ কর্মসূচি :

সাধারণ জনগণের মাঝে পাঠাভ্যাস বৃদ্ধি, জ্ঞানচর্চা ও বুদ্ধিবৃত্তিক কাজে উৎসাহ প্রদানের জন্য জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর বিভিন্ন সময়ে আলোচনা সভা, গ্রন্থ প্রদর্শনী, গ্রন্থাগার সেবা সংক্রান্ত প্রচারণা কার্যক্রম ইত্যাদির আয়োজন করে থাকে।

৬. প্রতিযোগিতা অনুষ্ঠান :

গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর কর্তৃক- ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ১লা বৈশাখ বাংলা নববর্ষ, ২৫ বৈশাখ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাংকন, বইপাঠ, সুন্দর হাতের লেখা, ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় বিজয়ীদের আকর্ষণীয় পুরস্কার ও সনদ প্রদান করা হয়। ফলে এসব প্রতিযোগিতায় প্রতিযোগির সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। উল্লেখ্য, গত ২০১৭-১৮ অর্থবছরে ৫০১ জন প্রতিযোগি বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

৭. আই.সি.টি (ICT) কার্যক্রম :

আই. সি. টি কার্যক্রমের আওতায় জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর পাঠকদেরকে বিনামূল্যে পাঠকক্ষে ইন্টারনেট সেবা, ফটোকপি সেবা প্রদান করে থাকে। তাছাড়া (A2I) কর্মসূচির আওতায় জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুরের নিজস্ব ওয়েব সাইট (<http://publiclibrar.sherpur.gov.bd>) তৈরি করা হয়েছে। পাশাপাশি ব্যবহারকারীদের সার্বক্ষণিক তথ্যসেবা প্রদানের জন্য গ্রন্থাগারের নিজস্ব ফেইসবুক পেইজ (www.facebook.com/DPLSHERPUR) ও ই-মেইল ঠিকানা (dplsherpur@gmail.com) খোলা হয়েছে।

৮. বেসরকারি গ্রন্থাগার রেজিস্ট্রেশন :

গণগ্রন্থাগার অধিদপ্তরের সহযোগিতায় জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর জেলার প্রত্যন্ত অঞ্চলের বেসরকারি গ্রন্থাগার জরিপ ও নিবন্ধন দিয়ে থাকে। উল্লেখ্য এ পর্যন্ত শেরপুর জেলার ২২ টি (বাইশ) বেসরকারি গ্রন্থাগারকে নিবন্ধন দেয়া হয়েছে।